



জগন্নাথ বিশ্ববিদ্যালয়
Jagannath University

‘প্রাণিবিদ্যা অলিম্পিয়াড-২০১৭’



বাংলাদেশ প্রাণিবিদ্যা সমিতির উদ্যোগে ‘ঢাকা বি অঞ্চল’-এর ‘প্রাণিবিদ্যা অলিম্পিয়াড-২০১৭’ (২৭ নভেম্বর-২০১৭, সোমবার) জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের প্রাণিবিদ্যা বিভাগের মিলনায়তনে অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান।

অনুষ্ঠানটি সভাপতিত্ব করেন প্রাণিবিদ্যা বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. মোঃ আবদুল আলীম এবং সমন্বয়কারীর দায়িত্ব পালন করেন বিভাগের সহযোগী এ. এইচ. এম. শফিউল্লাহ হাবিব। অনুষ্ঠানের দ্বিতীয় পর্বে এইচ. এস. সি. ও স্নাতক পর্যায়ে কুইজ প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। কুইজ প্রতিযোগিতা পরিচালনা করেন বিভাগের সহকারী অধ্যাপক দিলীপ কুমার দাস। এইচ.এস.সি. পর্যায়ে প্রথম ও দ্বিতীয় হয় রাজেন্দ্রপুর কলেজের শিক্ষার্থী এবং স্নাতক পর্যায়ে প্রথম ও দ্বিতীয় হয় জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের প্রাণিবিদ্যা বিভাগ। উল্লেখ্য, আজ অলিম্পিয়াডে ঢাকার ‘বি’ অঞ্চলের ১০টি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থী অংশগ্রহণ করে।

এদিকে সকালে ‘প্রাণিবিদ্যা অলিম্পিয়াড-২০১৭’ উপলক্ষে একটি বর্ণাঢ্য র্যালি বিজ্ঞান ভবন থেকে শুরু হয়ে পুরো ক্যাম্পাস প্রদক্ষিণ করে। র্যালিতে উপাচার্য, বিভাগের শিক্ষক, শিক্ষার্থীসহ অলিম্পিয়াডে অংশগ্রহণকারী বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীবৃন্দ অংশগ্রহণ করেন।